দৈনিক সংবাদ

তারিখ 04 AUG 1992

মন্ত্রিসভার বৈঠকের সিদ্ধান্ত

# প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ পাট অধিদফতর গঠন

(নিজস্ব বার্তা পরিবেশক)

মন্ত্রিসভা প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ নামে নতুন বিভাগ গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই বিভাগটি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সংযুক্ত থাকবে। বিভাগটিতে একজন সচিব ও দু'জন যুগ্ম সচিবসহ বেশকিছু উপসচিব ও সহকারী সচিব থাকবেন।

গতকাল সোমবার সকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগটি গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এনজিও-গুলোর শিক্ষামূলক কার্যক্রম এই বিভাগের আওতায় আনা হবে।

## পাট মন্ত্রণালয়ের দু'টি পরিদফতর একীভূত

মন্ত্রিসভা পাট পরিদফতর এবং পাট ও পাটপণ্য পরিদর্শন পরিদফতরকে একীভূত করে পাট অধিদফতর গঠনের সিদ্ধান্ত নিয়েছে। পাট অধিদফতরের দায়িত্বে একজন মহাপরিচালক থাকবেন।

দু'টি সংস্থা একীভূত হওয়ার পর ১৪৬ জন উদ্বৃত্ত কর্মকর্তা ও কর্মচারীকে অন্যত্র কর্মসংস্থান ও আত্মীকরণের লক্ষ্যে তাদের চাকরি সংস্থাপন মন্ত্রণালয়ে ন্যস্ত করা

মন্ত্রিসভা ঃ পৃঃ ১২ কঃ ৮

## মন্ত্রিসভা ঃ নতুন বিভাগ গঠন

(১ম পাতার পর)

হবে। এরমধ্যে পাট পরিদফতরের ১০৮ এবং পাট ও পাটপণ্য পরিদফতরের ৩৮ জন কর্মকর্তা ও কর্মচারী উদ্বৃত্ত হবেন। এখন পাট পরিদফতরে ৫৭৭ জন এবং পাট ও পাটপণ্য পরিদর্শন পরিদফতরে ২১৬ জন কর্মকর্তা ও কর্মচারী কর্মরত আছেন।

বর্তমানে এই দু'টি পরিদফতরের রাজস্ব আয় ১ কোটি ৬৫ লাখ টাকা এবং রাজস্ব ব্যয় ৩ কোটি ৯৫ লাখ টাকা। অর্থাৎ নীট রাজস্ব ব্যয় ২ কোটি ৩০ লাখ টাকা। পাট অধিদফতরটি গঠনের পর সংস্থাটির রাজস্ব আয় হবে ২ কোটি ৮৫ লাখ টাকা এবং রাজস্ব ব্যয় হবে ৩ কোটি ৯ লাখ টাকা। এর ফলে নীট রাজস্ব ব্যয় হবে ২৪ লাখ টাকা।